"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
http://www.dwa.gov.bd

স্মারক নং- ৩২.০১.০০০০.০১৮.২২.০৭০.২২- ৮৭

তারিখঃ ২৮/০৭/২০২২

বিষয়ঃ **স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে ২০২২- ২০২৩ অর্থবছরের অনুদান বিতরণের লক্ষ্যে আবেদনপত্র গ্রহণ ও প্রেরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে ২০২২- ২০২৩ অর্থবছরের অনুদান বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়েছে। স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে অনুদান বিতরণ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশাবলী ও বিজ্ঞপ্তির কপি পরিশিষ্ট 'ক' এবং 'খ' এ সংযোজন করা হলো। অনুদান বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তির কপি উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানোর জন্য এবং স্থানীয় জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান বরাবরে প্রেরণের জন্য বলা হলো।

আগামী ৩০/১১/২০২২ তারিখের মধ্যে বিশেষ অনুদানের জন্য ভালমানের কমপক্ষে ৫টি, এবং সাধারণ অনুদানের আবেদনপত্র জেলা কমিটির সুপারিশসহ সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে। উক্ত তারিখের পরে কোন আবেদনপত্র সদর কার্যালয়ে গ্রহণ করা হবে না এবং অনুদানের জন্য বিবেচনা করা হবে না। সদর কার্যালয়ে বিলম্বে অনুদানের তালিকা পৌঁছানোর ফলে কোন সমিতির অনুদান না পাওয়া জনিত কারণে সৃজিতব্য সমস্যার জন্য সংশ্লিষ্ট উপপরিচালক/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা দায়ী থাকবেন। এছাড়া বিজ্ঞপ্তি মোতাবেক স্বেচ্ছাধীন অনুদানের আবেদন পত্রও উক্ত তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।

উল্লেখ্য, অনুদানের আবেদনপত্র প্রেরণের জন্য আবেদনকৃত সমিতির তালিকায় সমিতির নাম, ঠিকানা, রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ এবং আবেদনে সুপারিশকারীর নাম, পদবী সঠিকভাবে উল্লেখ করতে হবে। এমতাবস্থায় জরুরী ভিত্তিতে পূর্বে প্রেরিত ছক অনুযায়ী আপনার জেলাধীন ৩০ জুন ২০২২ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমিতির হালনাগাদ তালিকা (সক্রিয়/নিষ্ক্রিয়সহ) হার্ডকপি ও সফট কপি জমাপূর্বক সদর কার্যালয় হতে অনুদানের আবেদন ফরম সংগ্রহের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য অনুদানের আবেদন ফরম মহিলা বিষয়ক অধিদপ্তরের web site হতে ডাউনলোড করা যাবে।

বিষয়টি অতি জরুরী এবং জনগুরুত্বপূর্ণ।

সংযুক্তিঃ বর্ণনামতে ২ (দুই) পাতা।

২৭/০৭/২০২২
( সৈয়দা রোকেয়া জেসমিন )
উপপরিচালক (রেজিস্ট্রেশন ও জনসংযোগ)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

উপপরিচালক
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
..............৬৪..............জেলা

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা ( মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা ( সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

পরিশিষ্ট-'ক'

"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
http://www.dwa.gov.bd

বিষয়ঃ **স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের অনুদান বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের অনুদান (সাধারণ, বিশেষ ও স্বেচ্ছাধীন) বিতরণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

১। **সাধারণ অনুদান :**

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত যে সকল সমিতির নিবন্ধনকাল ৩০/১১/২০২২ তারিখে কমপক্ষে ২ বছর পূর্ণ হবে এইরূপ সকল স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন অনুদানের জন্য আবেদন করতে পারবে। আবেদন করতে ইচ্ছুক সমিতি সংশ্লিষ্ট জেলার উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে বিনামূল্যে আবেদনপত্র সংগ্রহ করতে পারবে । এছাড়া অনুদানের আবেদন ফরম মহিলা বিষয়ক অধিদপ্তরের web site হতে ডাউনলোড করা যাবে।

ক) প্রতিটি স্বেচ্ছাসেবী মহিলা সমিতিকে ৩ কপি নির্ধারিত আবেদন ফরম পূরণ করে স্থানীয় জনপ্রতিনিধির সুপারিশ গ্রহণপূর্বক প্রয়োজনীয় কাগজ পত্র সহ আগামী ৩০/০৯/২০২২ তারিখের মধ্যে উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র ও তথ্যাদি সংযুক্ত করতে হবে।

I) রেজিস্ট্রেশন ও নবায়ন কার্ডের সত্যায়িত অনুলিপি;
II) সমবায়/সরকার অনুমোদিত অডিট ফার্ম কর্তৃক সম্পাদিত হাল নাগাদ অডিট রিপোর্ট (৩০/০৬/২০২২ পর্যন্ত পূর্ববর্তী ২ বছর );
III) সংস্থার বর্তমান ও ভবিষ্যত কর্মসূচি ;
IV) নাম , পদবী ও ভোটার আইডি কার্ড/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপিসহ কার্যকরী কমিটির তালিকা ;
V) সাধারন পরিষদ কর্তৃক অনুমোদিত চলতি অর্থ বছরের বাজেট ।
VI) ২০২০-২০২১ অর্থবছরে প্রাপ্ত অনুদানের অর্থ (যদি পেয়ে থাকে) কি কাজে ব্যবহার করা হয়েছে তার বিবরণ ;
VII) চলতি অর্থবছরের অনুদানের অর্থ কি কাজে ব্যবহার করা হবে তার বিবরণ এবং আবেদন ফরমে চাহিত অন্যান্য কাগজপত্র।

খ) অডিট রিপোর্টে ব্যাংক হিসাব নং, ৩০/০৬/২০২২ তারিখে ব্যাংক স্থিতি, মোট সদস্য সংখ্যা, চাঁদা, সঞ্চয় এবং ঋণের অর্থের পরিমান (যদি ঋণ কার্যক্রম থাকে), বিতরণ, আদায় এবং খেলাপী ঋণের পরিমান পৃথক পৃথকভাবে উল্লেখ করতে হবে ।

গ) উপজেলা পর্যায়ে গৃহীত আবেদনপত্রসমূহ উপজেলা কমিটির সুপারিশসহ ৩১/১০/২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের কার্যালয়ে প্রেরণ করতে হবে ।

ঘ) উপজেলা হতে এবং জেলায় প্রাপ্ত আবেদনপত্রসমূহ জেলা কমিটির মাধ্যমে যাচাইবাছাইপূর্বক সমিতির কার্যক্রমের মানের ভিত্তিতে খুব ভাল 'ক', ভাল 'খ' এবং মোটামুটি 'গ' শ্রেণিতে শ্রেনিবিণ্যাস করত: সমিতি সমূহের তথ্যাদি উপজেলা ওয়ারী ধারাবাহিক ভাবে এবং ক্রমিকানুসারে নির্ধারিত ছকে (নাম, ঠিকানা, তারিখসহ রেজিস্ট্রেশন নম্বর ও আবেদনে সুপারিশকারীর নাম, পদবীসহ) সমন্বিত করে ১ প্রস্থ তালিকা (১ প্রস্থ আবেদনপত্রসহ) ৩০/১১/২০২২ তারিখের মধ্যে সদর কার্যালয়ে পৌছাতে হবে।

২। **বিশেষ অনুদান :**

বিশেষ অনুদানের জন্য সাধারন অনুদানের নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে । আবেদন ফরম জেলা কমিটির মাধ্যমে যাচাইবাছাইপূর্বক সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে । বিশেষ অনুদানের ক্ষেত্রেও সাধারণ অনুদান প্রাপ্তির সকল যোগ্যতা ও শর্তাবলী প্রযোজ্য। বিশেষ অনুদানের জন্য প্রতি উপজেলা হতে কমপক্ষে ২টি সমিতির আবেদন গ্রহণপূর্বক জেলা কমিটির মাধ্যমে যাচাইবাছাইপূর্বক ভালমানের ৫ (পাঁচ) টি সমিতির নাম প্রস্তাবপূর্বক ১ প্রস্থ তালিকা ও ১ প্রস্থ আবেদনপত্রসহ প্রেরণ করতে হবে।

৩। **স্বেচ্ছাধীন অনুদান :**

সমিতি হিসেবে নিবন্ধনের মেয়াদকাল কমপক্ষে ১ (এক) বৎসর পূর্ণ হতে হবে। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের স্বেচ্ছাধীন তহবিল হতে অনুদান প্রাপ্তির জন্য সমিতির নিজস্ব প্যাডে আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে রেজিস্ট্রেশন ও নবায়ন কার্ডের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। আবেদনপত্র মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/সংসদ সদস্য/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপপরিচালক/স্থানীয় জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যানের সুপারিশসহ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে সমিতির তথ্যাদি সংক্রান্ত ''নির্ধারিত ছক'' সঠিকভাবে পূরণ না করা হলে, তথ্যাদি গোপন করলে বা ভুল তথ্য দিলে এবং ৩০/১১/২০২২ তারিখের পরে কোন আবেদনপত্র জমা দিলে তা গ্রহণ যোগ্য হবে না।

২৫/০৭/২০২২

( সৈয়দা রোকেয়া জেসমিন )
উপপরিচালক (রেজিস্ট্রেশন ও জনসংযোগ)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা ।

পরিশিষ্ট 'খ'

# স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে ২০২২-২০২৩ অর্থ বছরের অনুদানের আবেদনপত্র মহিলা বিষয়ক অধিদপ্তরে প্রেরণ সংক্রান্ত নির্দেশাবলী।

১। জেলা/উপজেলাধীন সকল নিবন্ধীকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিকে বার্ষিক এককালীন অনুদানের নির্ধারিত ৩ কপি ফরম বিনামূল্যে উপপরিচালকের কার্যালয় হতে সংগ্রহের জন্য পত্রের মাধ্যমে জানাতে হবে। পত্রের অনুলিপি জেলাপ্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা, স্থানীয় জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে দিতে হবে।

২।স্বেচ্ছাসেবী মহিলা সমিতির তথ্যাদি ছকের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করা না হলে বা আবেদনপত্রে কোন তথ্য উল্লেখ না থাকলে বা তথ্য গোপন করা হলে অনুদান প্রদানের জন্য আবেদনপত্র বিবেচনা করা হবে না। প্রয়োজনবোধে সমিতি পরিদর্শনপূর্বকতথ্যাদি যাচাই বাছাই করতঃ সঠিকভাবে তথ্য দিতে হবে। যাচাইকালে সমিতির অফিস ও সাইনবোর্ড আছে কিনা তা পরীক্ষাকরতে হবে। সাইন বোর্ডে মহিলা বিষয়ক অধিদপ্তরের নিবন্ধন নং ও তারিখ অবশ্যই লেখা থাকতে হবে।

৩। নাম ঠিকানা অস্তিত্ববিহীন অথবা কার্যক্রম নাই এ ধরনের সমিতিকে অনুদানের জন্য সুপারিশ করা যাবে না। আবেদনপত্র ও ছক পূরণের বিষয়ে সমিতিকে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে। প্রতিটি সমিতির আবেদনপত্রে উপপরিচালক/উপজেলামহিলা বিষয়ক কর্মকর্তা এবং সভানেত্রী/সম্পাদিকা/কোষাধ্যক্ষার নামাঙ্কিত সীলসহ স্বাক্ষর ও তারিখ থাকতে হবে

৪।৩০/১১/২২তারিখে যে সকল সমিতির রেজিস্ট্রেশনের মেয়াদ ২ বছর পূর্ণ হবে না এ ধরনের সমিতি সাধারন অনুদান বা বিশেষ অনুদান প্রাপ্তির যোগ্যতা অর্জন করবে না। স্বেচ্ছাধীন অনুদানের জন্য সমিতির নিবন্ধনকাল ১ বছর পূর্ণ হতে হবে।

৫। আবেদনপত্রের তালিকা মোটা কাগজে পরিষ্কার ও স্পষ্ট মুদ্রণে প্রস্তুত করতে হবে। অসম্পূর্ণ/অস্পষ্ট আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। তালিকার প্রতি পাতায় স্বাক্ষরসহ তালিকার মূল কপি ও সফট কপি প্রেরণ করতে হবে। কোন ক্রমেই ফটোকপি গ্রহণযোগ্য হবে না।

৬। অনুমোদিত গঠনতন্ত্রের কর্মসূচীর সাথে প্রতিটি সমিতির আবেদনপত্রের তালিকার কর্মসূচীর মিল থাকতে হবে এবং সে অনুযায়ী প্রতিটি আবেদনপত্রে ক্রমিক নম্বর দিতে হবে। অনুদানের আবেদনপত্রে কোন সুপারিশ থাকলে সুপারিশকারীর নাম, পদবী তালিকায় উল্লেখ করতে হবে।

৭। সাধারন অনুদানের আবেদনপত্র জেলা কমিটির মাধ্যমে যাচাইবাছাইপূর্বক কাজের মান অনুয়ায়ী ক, খ এবং গ শ্রেণিতে বিন্যাস করতে হবে। সমিতি কর্তৃক দাখিলকৃত অনুদান সংক্রান্ত ফরমের আবেদনপত্র সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৮। বিশেষ অনুদানের জন্য প্রতি উপজেলা হতে কমপক্ষে ২টি সমিতির আবেদন গ্রহণপূর্বক জেলা কমিটির মাধ্যমে যাচাইবাছাইপূর্বক সভার কার্যবিবরনীর সত্যায়িত কপিসহ ভালমানের কমপক্ষে ৫ (পাঁচ) টি সমিতির নাম প্রস্তাববপূর্বক ১ প্রস্থ তালিকা ও ১ প্রস্থ আবেদনপত্রসহ সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৯। বিশেষ অনুদান গ্রহণের বিষয়ে সমিতিকে উদ্বুদ্ধকরণের জন্য জেলা/উপজেলা কার্যলয়ে সমিতি প্রতিনিধিদের সাথে সভা করতে হবে এবং এ বিষয়ে ব্যাপক প্রচারণার ব্যবস্থা করতে হবে।

১০। নিবন্ধনকৃত সমিতিসমূহকে বাৎসরিক অনুদান প্রদানের যে ব্যবস্থা চালু রয়েছে এ বিষয়ে সমিতির সদস্যগণকে ভালভাবে অবহিত করতে হবে এবং ব্যাপক প্রচারের জন্য অনুদান প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তির কপি উপপরিচালকের কার্যালয়/উপজেলা কার্যালয়ের নোটিশ বোর্ড,জেলা প্রশাসকের কার্যালয়/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়েরনোটিশবোর্ডে টানাতে হবে। বিজ্ঞপ্তির কপি অবশ্যই স্থানীয় জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান বরাবরে প্রেরণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। এছাড়া জেলা কমিটির সভায় স্থানীয় জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যানের উপস্থিতি অবশ্যই নিশ্চিত করতে হবে।

১১। অনুদানের আবেদনপত্রের সাথে সমবায়/সরকার অনুমোদিত অডিট ফার্ম কর্তৃক সম্পাদিত সত্যায়িত অডিট রিপোর্ট প্রদানের বিষয়েসমিতি কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক সম্পাদিত অডিট রিপোর্ট গ্রহণযোগ্য হবে না।

১২। অনুদানের আবেদনপত্রের তালিকায় প্রতিটি সমিতির নাম সঠিক রেজিষ্ট্রেশন নম্বর,তারিখ, ঠিকানা ও অনুমোদিত গঠনতন্ত্র মোতাবেক কার্যক্রম উল্লেখ থাকতে হবে।

১৩। সমিতি পরিচালনার বিষয়ে সঠিক দিক নির্দেশনা, অনুদানের ফরম সঠিকভাবে পূরণ ইত্যাদি বিষয়ে উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে সমিতির সাথে অবহিতকরণ সভা করতে হবে।

১৪। স্বেচ্ছাধীন অনুদানের জন্য নীতিমালা অনুযায়ী আপনার কার্যালয়ে জমাকৃত আবেদনপত্রসমুহ ৩০/১১/২০২২ তারিখের মধ্যে তালিকাসহ সদর কার্যালয়ে অবশ্যই পৌঁছাতে হবে।

১৫। আবেদনপত্রের সাথে কার্যকরী কমিটির সদস্যদের জাতীয় পরিচয়পত্র/ভোটার আইডিকার্ডের সত্যায়িত ফটোকপিসহ সমিতির কার্যকরী কমিটির সদস্যদের তালিকা অবশ্যই প্রদান করতে হবে।

১৬। অনুদানের আবেদন ফরম মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব সাইট থেকে ডাউনলোড করা যাবে।

১৭। অনুদান বিতরণ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী অনুমোদিত নীতিমালা অনুযায়ী গ্রহণ করতে হবে।

29.09.2022

( সৈয়দা রোকেয়া জেসমিন )
উপপরিচালক (রেজিস্ট্রেশন ও জনসংযোগ)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।